

ঢাকা ওয়াসা

- (১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি)'র কপি।
- (২) প্রস্তুতকৃত Specification।
- (৩) দর সংগ্রহের জন্য স্থানীয় ঠিকাদারী প্রতিষ্ঠানের অনুকূলে প্রেরিত পত্রের স্মারক নং -৪৬.১১৩.৬৩৭.০০.০০.০৭৫.২০২৫.৫০০; তারিখঃ ১১/১১/২০২৫।
- (৪) M/S. Ayesha Enterprise হতে প্রাপ্ত পত্রের স্মারক নং -নাই. তারিখঃ ১২/১১/২০২৫ইং।
- (৫) R.I Enterprise হতে প্রাপ্ত পত্র; তারিখঃ ১২/১১/২০২৫ইং।
- (৬) AR Corporation হতে প্রাপ্ত পত্র; তারিখঃ ১৩/১১/২০২৫ইং।
- (৭) তুলনামূলক বিবরণী।
- (৮) প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ “Procurement of medical equipment such as mask, necessary medicine etc. for Dasherakandi STP” শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

ক্রমিক নং -১ হতে ৮ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation এর সহিত চুক্তি অনুযায়ী ০১ বছর Operation and Maintenance কার্যক্রম শেষে গত ০১/০৭/২০২৩ইং তারিখ হতে ঢাকা ওয়াসা কর্তৃক আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।

০২। দাশেরকান্দি পয়ঃশোধনাগার দক্ষিণ এশিয়ার মধ্যে অন্যতম বৃহত্তম এবং বাংলাদেশের সর্ববৃহৎ ও সর্বপ্রথম অত্যাধুনিক প্রযুক্তি সম্পন্ন পয়ঃশোধনাগার। আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation কার্যক্রম সর্বাধুনিক প্রযুক্তি ও উন্নত মেশিনারিজ দ্বারা পরিচালিত হয়। আলোচ্য পয়ঃশোধনাগারটিতে প্রায় ১২২জন দেশীয় জনবল ও ২৩জন চীনা জনবল কর্মরত রয়েছে। উক্ত কর্মকর্তা-কর্মচারীগণের সুস্থতার জন্য পয়ঃশোধনাগার হতে বিভিন্ন ধরনের জরুরী ও নিত্যপ্রয়োজনীয় Medicine সহ প্রয়োজনীয় Mask, Hand Gloves ইত্যাদি সরবরাহ করা হয়। উল্লেখিত মালামাল সমূহ ক্রয়ের লক্ষ্যে ৩টি সরবরাহকারী প্রতিষ্ঠান হতে পত্র মারফত একক দর সংগ্রহ করা হয়েছে (ক্রমিক নং- ৩, ৪, ৫ ও ৬ দ্রঃ)। সংগৃহীত কোটেশনের ভিত্তিতে একটি তুলনামূলক বিবরণী প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং- ৭দ্রঃ)। তুলনামূলক বিবরণী হতে সর্বনিম্ন দরের আলোকে আলোচ্য পয়ঃশোধনাগারের জন্য মাটি ক্রয়ের লক্ষ্যে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং- ৮দ্রঃ)। প্রাক্কলিত মোট মূল্য ১,৯৭,৮০৭.২০ (এক লক্ষ সাতানব্বই হাজার আটশত সাত দশমিক দুই টাকা) মাত্র। উল্লেখ্য, আলোচ্য কাজের ব্যয়ভার পয়ঃশোধনাগারের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে প্রাপ্ত রাজস্ব বাজেটের Medical Expense (01-02-029) খাত হতে এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ১০৮ হতে নির্বাহ করা হবে।

০৩। আলোচ্য “Procurement of medical equipment such as mask, necessary medicine etc. for Dasherakandi STP” শীর্ষক কাজটি CPTU প্রণীত Standard Tender Document (STD) e-PG2 অনুসরণে e-GP তে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) দরপত্র আহবানের মাধ্যমে সম্পূর্ণ করা হবে। দরপত্র দলিলের e-TDS অংশের ITT1.1 এ procuring Entity হিসেবে নির্বাহী প্রকৌশলী, দাশেরকান্দি পয়ঃশোধনাগার, ঢাকা ওয়াসা দায়িত্ব পালন করবেন এবং উক্ত ক্রয়কারী কর্তৃক দরপত্র আহবান, NOA ইস্যু, চুক্তি সম্পাদন, কার্য সম্পাদন নোটিশ জারী ইত্যাদি সকল কার্যক্রম গ্রহণ করা হবে।





০৪। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের কর্মপরিবেশ ও সার্বিক সৌন্দর্য রক্ষার্থে জরুরী ভিত্তিতে “Procurement of medical equipment such as mask, necessary medicine etc. for Dasherbandi STP” শীর্ষক কাজটি e-GP প্রক্রিয়ায় PPR-2025 এর ধারা ৭৮ অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM)-এ CPTU এর Standard Tender Document (STD) অনুসরণে দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়নের নিমিত্তে মোট ১,৯৭,৮০৭.২০ (এক লক্ষ সাতানব্বই হাজার আটশত সাত দশমিক দুই টাকা) মাত্রের প্রাক্কলনটির আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য, আলোচ্য কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।


28/11/2025
অনমথ রায়
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াশা।



24.11.2025
মোঃ হাবিবুর রহমান রনি
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াশা।


24/11/2025
মোঃ মোমতাজুর রহমান
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াশা।

SE (W&STP)

অনুমোদিত।

XEN (DSTP)


24/11/2025
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃশোধনাগার সার্কেল
ঢাকা ওয়াশা।